



বেগম জেসমীন আক্তার
মহাপরিচালক (অতিঃ সচিব)
ব্যাঙ্গডক, ঢাকা

বেগম জেসমীন আক্তার, বাংলাদেশ সিভিল সার্ভিস (আনসার) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের একজন সদস্য। তিনি ১৯৬২ সালের ১ জানুয়ারি ঢাকায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। বেগম জেসমীন আক্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগ হতে বিএসএস (সম্মান) ও এমএসএস ডিগ্রী অর্জন করেন। তিনি আনসার ভিডিপি বাহিনীর জেলা, রেঞ্জ ও সদর দপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করা ছাড়াও উপসচিব হিসেবে জনপ্রশাসন, স্বরাষ্ট্র ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং যুগ্মসচিব হিসেবে প্রতিরক্ষা মন্ত্রণালয়সহীন স্পারসোতে সদস্যের দায়িত্ব পালন করেন। তিনি দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। তিনি চীন, থাইল্যান্ড, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ভিয়েতনাম, ভারত, সৌদি আরব, ইন্দোনেশিয়া ভ্রমণ করেন। ব্যাঙ্গডকের মহাপরিচালক হিসেবে যোগদানের পূর্বে তিনি বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের সদস্য পদে কর্ম রত ছিলেন। তাঁর নিজ জেলা চাঁদপুর।